গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
পরিকল্পনা কোষ
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের এপিএ টীমের সভার কার্যবিবরণী।

সভাপতি : অতিঃ মহাপরিচালক (এমএন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে।
তারিখ ও সময় : ০৯.০৫.২০১৯ তারিখ, বিকাল ০২:০০ ঘটিকা।
স্থান : কক্ষ নং- ৩০২, রেলভবন, ঢাকা।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

২.০। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে এসপিএলও-১ সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

৩.০। প্রসঙ্গক্রমে এসপিএলও-১ জানান, ২০১১৮-১৯ অর্থবছরে এপিএ'র কিছু লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি ভাল হলেও অদ্যাবধি কিছু লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক নয় এবং আরও কিছু লক্ষ্যমাত্রা একেবারেই অর্জন করা সম্ভব হয়নি। তিনি আরও জানান, বিভিন্ন দপ্তর থেকে এপিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পাওয়া গেলেও দপ্তর সংশ্লিষ্ট আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ঠিকমত পাওয়া যায় না। এতে রেলপথ মন্ত্রণালয়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণে জটিলতা সৃষ্টি হয়।

**এসব বিবেচনায় এপিএ'র লক্ষ্যমাত্রার অসাধারণ স্তর অর্জন ও পরিবীক্ষণের লক্ষ্যে নিম্নোক্ত সাধারণ সিদ্ধান্ত গৃহীত হয়।**

(৩.১) সকল দপ্তর এপিএ'র সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়টি নিবিড়ভাবে তদারকি করবে।

(৩.২) বিভিন্ন বিভাগ/দপ্তর/অঞ্চলের জন্য নিয়োজিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগ/দপ্তর/অঞ্চলের এপিএ'তে সন্নিবেশিত **কৌশলগত এবং আবশ্যিক কৌশলগত** উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন অগ্রগতির মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে সিপিএলও/ঢাকা দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

(৩.৩) এপিএ'তে সন্নিবেশিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে অধিকতর কার্যকরী ও দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া, পরস্পর নির্ভরশীল বিভাগ/দপ্তরসমূহ পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করতে সচেষ্ট হবেন।

৪.০। ২০১৮-১৯ অর্থবছরে এপিএ'র আইটেমভিত্তিক আলোচনায় করা হয়। ঝুঁকিপূর্ণ এবং এখনো অনার্জিত রয়েছে এমন সকল আইটেম এর উপর আলোচনায় বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ❖ **কৌশলগত উদ্দেশ্যেসমূহ:** | | | |
| • **রেলওয়ের অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ।** | | | |
| ১.৩ | বিদ্যমান স্টেশন বিল্ডিং রক্ষণাবেক্ষণ (৩০টি)। | এ যাবৎ ৩০টি লক্ষ্যমাত্রার বিপরীতে ৫টি স্টেশন বিল্ডিং রক্ষণাবেক্ষণ সম্পন্ন হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.৪ | বিদ্যমান রেলপথ পুনর্বাসন (১৬ কি.মি.)। | এ যাবৎ ১৬ কি:মি: লক্ষ্যমাত্রার বিপরীতে ১০.৬০ কি:মি: পুনর্বাসন সম্পন্ন হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-অতি:সিই/ট্র্যাক/পূর্ব<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.৫ | বিদ্যমান রেলসেতু পুন:নির্মাণ (৩৫টি)। | এ যাবৎ ৩৫টি লক্ষ্যমাত্রার বিপরীতে ১১টি রেলসেতু পুন:নির্মাণ সম্পন্ন হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.৭ | নতুন রেলপথ নির্মাণ (৫০ কি.মি.)। | এ যাবৎ ৫০কি:মি: লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১.১৮কি:মি: নতুন রেলপথ নির্মাণ সম্পন্ন হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (আই)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.৮ | নতুন রেলসেতু নির্মাণ (৫০টি)। | এ যাবৎ ৫০টি লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৩টি নতুন রেলসেতু নির্মাণ সম্পন্ন হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (আই)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.১২ | পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পের ভৌত কাজ সম্পাদন (মোট ২০%)। | এ যাবৎ ১৬.৯২% ভৌত কাজ সম্পন্ন হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পিডি (পদ্মা সেতু প্রকল্প)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.১৩ | আখাউড়া থেকে লাকসাম পর্যন্ত ডুয়েলগেজ ডাবল রেললাইন নির্মাণ কাজ সম্পাদন (মোট ৭০%)। | এ যাবৎ ৬১% ভৌত কাজ সম্পন্ন হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পিডি (আখাউড়া-লাকসাম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.১৫.২ | পুনর্বাসনকৃত লেভেল ক্রসিং গেইট (৫৭টি)। | এ যাবৎ ৫৭টি লক্ষ্যমাত্রার বিপরীতে ২১টি লেভেল ক্রসিং গেইট পুনর্বাসন সম্পন্ন হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পরিচালক (প্রকৌশল)<br>-এক্সইএন/পিএন্ডডি (পূর্ব ও পশ্চিম) |
| ১.১৬ | বিদ্যমান স্টেশন বিল্ডিং পুন:নির্মাণ (৫টি)। | এ যাবৎ ৫টি লক্ষ্যমাত্রার বিপরীতে ১টি স্টেশন বিল্ডিং পুন:নির্মাণ সম্পন্ন হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.১৭ | নতুন স্টেশন বিল্ডিং নির্মাণ (৫টি)। | এ যাবৎ ৫টি লক্ষ্যমাত্রার বিপরীতে ২টি নতুন স্টেশন বিল্ডিং নির্মাণ সম্পন্ন হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.১৮ | আঞ্চলিক ও উপ-আঞ্চলিক রেল যোগাযোগ ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণের লক্ষ্যে রেলপথ নতুন নির্মাণ/পুনঃস্থাপন (২ কি.মি.)। | এ যাবৎ ২কি:মি: লক্ষ্যমাত্রার বিপরীতে কোন অর্জন হয়নি। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পিডি (আখাউড়া-আগরতলা)<br>-পরিচালক (প্রকৌশল) |

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.২২ | ঢাকা শহরের চারদিকে বৃত্তাকার রেলপথ নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা (০৫.০৬.২০১৯)। | পরামর্শক নিয়োগ সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পরিচালক (সংগ্রহ) |
| ১.২৯ | ঢাকা-নারায়ণগঞ্জ সেকশনে বিদ্যমান মিটারগেজ রেল লাইনের সমান্তরাল একটি ডুয়েলগেজ রেল লাইন নির্মাণ (মোট ৭০% ভৌত কাজ)। | এ যাবৎ ৭০% লক্ষ্যমাত্রার বিপরীতে ৪৯% অর্জিত হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -জেডিজি (প্রকৌশল)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ১.৩০ | বাংলাদেশ রেলওয়ের কুলাউড়া-শাহবাজপুর সেকশনের পুনর্বাসন (মোট ৩০% ভৌত কাজ)। | এ যাবৎ ৩০% লক্ষ্যমাত্রার বিপরীতে ১৫.৪০% অর্জিত হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -অতি:সিই/ট্র্যাক/পূর্ব<br>-পরিচালক (প্রকৌশল) |
| • **রোলিং স্টক উন্নয়ন (সংগ্রহ, পুনর্বাসন ও রক্ষণাবেক্ষণ)।** | | | |
| ২.১০.১ | ৪০০টি এমজি ও ৩০০টি বিজি বগি কাভার্ড ভ্যান ক্রয়ের কারিগরি মূল্যায়ন সম্পাদন (৩০ মে ২০১৯ থেকে ২৫ জুন ২০১৯)। | নির্ধারিত তারিরেখর মধ্যে কারিগরি মূল্যায়ন সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -পিডি (রোলিং স্টক সংগ্রহ)<br>-পরিচালক (মেকানিক্যাল) |
| ২.১০.২ | ১৮০টি এমজি ও ১২০টি বিজি ওয়াগন ক্রয়ের কারিগরি মূল্যায়ন সম্পাদন (৩০ মে ২০১৯ থেকে ২৫ জুন ২০১৯)। | | |
| ২.১১ | সৈয়দপুর কারখানার অভ্যন্তরে একটি নতুন ক্যারেজ নির্মাণ ওয়ার্কশপ স্থাপনের ডিপিপি অনুমোদন (৩০.০৫.২০১৯)। | ডিপিপি অনুমোদনের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএমই (পশ্চিম)<br>-পরিচালক (মেকানিক্যাল) |
| ২.১২ | রাজবাড়ীতে আধুনিক রেলওয়ে ওয়ার্কসপ নির্মাণ (৩০.০৫.২০১৯)। | ডিপিপি অনুমোদনের জন্য নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিএমই (পশ্চিম)<br>-পরিচালক (মেকানিক্যাল) |
| • **দক্ষ, উন্নত, আরামদায়ক এবং নিরাপদ রেলসেবা প্রদান।** | | | |
| ৩.১ | রেলওয়ে টাইম টেবিল পরিপালন। | এ যাবৎ টাইম টেবিল পরিপালন হার ৮৭% লক্ষ্যমাত্রার বিপরীতে ৮৪% অর্জিত হয়েছে। বিষয়টি পর্যালোচনাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিবিড় মনিটরিংসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিওপিএস (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (পরিবহন) |
| ৩.১১ | বন্ধ রেল স্টেশন চালুকরণ (৫টি)। | এ যাবৎ কোন বন্ধ রেল স্টেশন চালু করা সম্ভব হয়নি। লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -এডিজি (অপারেশন)<br>-জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (পরিবহন) |
| ৩.১২ | স্টেশন প্রাঙ্গনে বেষ্টনী নির্মাণ (৫টি)। | এ যাবৎ ২টি স্টেশন প্রাঙ্গনে বেষ্টনী নির্মাণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- |
| ৩.১৩.২ | অক্ষম যাত্রীদের ট্রেনে আরোহন/অবতরণের জন্য প্লাটফরমে র‍্যাম্প সরবরাহকরণ (১০টি)। | এ যাবৎ কোন অর্জন হয়নি। লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরিবহন বিভাগ প্রতিবেদন প্রেরণ করবে। | -জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (পরিবহন) |
| • প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ। | | | |
| ৫.১ | প্রশিক্ষণ প্রতিষ্ঠান শক্তিশালীকরণ (৩১.১২.২০১৮)। | আরটিএ শক্তিশালীকরণের জন্য সংশোধিত সমীক্ষা প্রকল্প রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সমীক্ষা প্রকল্প অতিদ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -সিপিএলও<br>-রেক্টর (আরটিএ) |
| ❖ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ: | | | |
| • বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ। | | | |
| ১.৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন (৬০ জন- ঘন্টা)। | সংশ্লিষ্ট সকল বিভাগ নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করবে এবং প্রতিটি মডিউল/ট্রেড/পর্যায়-এ কত জনকে, কত দিন ও দৈনিক কত ঘন্টা করে প্রশিক্ষণ প্রদান করা হলো তা মোট ঘন্টায় লিপিবদ্ধ করবে এবং রেকর্ডকৃত তথ্যাদি পরিচালক (সংস্থাপন) এর নিকট প্রেরণ করবে। পরিচালক (সংস্থাপন) প্রাপ্ত তথ্য সংকলনপূর্বক হালনাগাদ জনবলের (১ম-৪র্থ) পজিশনসহ পরিকল্পনা কোষে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবেন। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-রেক্টর (আরটিএ)<br>-পরিচালক (অর্থ)<br>-পরিচালক (সংস্থাপন)<br>-পরিচালক (পরিবহন)<br>-পরিচালক (মেকানিক্যাল)<br>-পরিচালক (প্রকৌশল)<br>-ডিএসটিই (টেলিকম)/সদর |
| • কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন। | | | |
| ২.১ | (২.১.১) ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত (৮০%)।<br>(২.১.২) ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত (৫০ %)।<br>(২.১.৩) ই-ফাইলে পত্র জারীকৃত (৪০%)। | সকল দপ্তরে বাস্তবিকভাবে ই-ফাইলে নথি নিষ্পত্তিকরণসহ কার্যক্রম সম্প্রসারণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -সকল এডিজি<br>-সকল জিএম<br>-সিএসটিই (টেলিকম) |
| ২.৩.১ | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেজ ওয়েবসাইটে প্রকাশিত (০৩.০২.২০১৯)। | ডাটাবেজ প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -পরিচালক (পরিবহন) |
| ২.৩.২ | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত (০৮.০৪.২০১৯)। | পরিচালক (পরিবহন) জানান, সিওপিএস (পূর্ব) ও ডিএমই/সিএন্ডডব্লিউ/ঢাকা কর্তৃক প্রস্তাবিত দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -সিওপিএস (পূর্ব)<br>-ডিএমই/সিএন্ডডব্লিউ/ঢাকা<br>-পরিচালক (পরিবহন) |
| ২.৬ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র (১০০%)। | পিআরএল আদেশ ও ছুটি নগদায়নপত্র জারির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -সিপিও (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (সংস্থাপন) |

| এপিএ কার্যক্রম ক্রমিক | বিষয় (লক্ষ্যমাত্রা) | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| • **আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।** | | | |
| ৩.১ | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত (৬০%)।<br>অডিট আপত্তি নিষ্পত্তিকৃত (৫০%)। | লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -পরিচালক (অর্থ)<br>-ডিডি (বাজেট) |
| ৩.২.১ | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত (০৩.০২.২০১৯)। | নির্ধারিত সময়ের মধ্যে স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (প্রকৌশল) |
| ৩.২.২ | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত (০৩.০২.২০১৯)। | নির্ধারিত সময়ের মধ্যে স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -এডিজি (আই, আরএস, এমএন্ডসিপি, অর্থ ও অপারেশন)<br>-জিএম (পূর্ব ও পশ্চিম) |
| ৩.৪ | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ (৮০%)। | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -জিএম (পূর্ব ও পশ্চিম)<br>-সিপিএলও<br>-এসপিএলও-৪ |
| ৩.৫ | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা (১০০%)। | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | -সিইই (পূর্ব ও পশ্চিম)<br>-পরিচালক (মেকানিক্যাল) |

৫.০। পরিশেষে এপিএ'তে সন্নিবেশিত কৌশলগত এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের অনুকূলে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আরও আন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাছির উদ্দিন আহমেদ)
অতিঃ মহাপরিচালক (এমএন্ডসিপি)